

# আল ফিরাসাত <sup>الفراصة</sup>

(অন্তর্দৃষ্টি)

বিখ্যাত হাদীস গ্রন্থ 'কানযুল উম্মাল' এর  
আল ফিরাসাত অধ্যায়ের  
হাদীস সমষ্টির সহজ সরল অনুবাদ

মূল

শায়খ আলী মুত্তাকী হিন্দী (রহ)



দারুস সাআদাত

[www.darussaadat.com](http://www.darussaadat.com)

আল ফিরাসাত

বিখ্যাত হাদীস গ্রন্থ 'কানযুল উম্মাল' এর  
আল ফিরাসাত অধ্যায়ের  
হাদীস সমষ্টির সহজ সরল অনুবাদ

মূল

শায়খ আলী মুত্তাকী হিন্দী (রহ)

অনুবাদ

দারুস সাআদাত কর্তৃক অনূদিত

প্রকাশকাল:

এপ্রিল ২০১৭

প্রকাশক

দারুস সাআদাত

একটি online প্রকাশনা

ইমেইল

[darussaadat@yahoo.com](mailto:darussaadat@yahoo.com)

স্বত্ব:

দারুস সাআদাত

কর্তৃক সংরক্ষিত

মূল্য

pdf: বিনামূল্যে

মুদ্রিত কপি: মুদ্রণ ব্যয় অনুযায়ী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ  
نَحْمَدُهُ وَنُكَلِّمُ عَلَى رَسُولِهِ الْكَرِيمِ

## সূচনা

كتاب الفراسة من قسم الأقوال

ويعني بالفراسة الفراسة الشرعية بمعنى الخوارق والحكمة بمعنى الاستدلال بالشيء  
على الشيء وفيه علامات محبة الله تعالى للعبد

শায়খ আলী মুত্তাকী হিন্দী (রহ) বলেন- কিতাবুল ফিরাসাতের মধ্যে এমনসব বিষয় বর্ণনা করা হবে যার সম্পর্ক মানুষের বুদ্ধিমত্তা ও দূরদর্শিতার সাথে- যেমন একটি বিষয় দেখে অপর একটি গোপনীয় বিষয় বুঝে ফেলা। এর সাথে সাথে বান্দার সাথে আল্লাহর মহব্বতের নিদর্শনও বর্ণনা করা হবে।



## كتاب الفراسة من قسم الأقوال

[১]

**30730-** اتقوا فراسة المؤمن! فإنه ينظر بنور الله عز وجل. "تخ ت - عن أبي سعيد؛ الحكيم وسمويه، طب، عد - عن أبي أمامة؛ ابن جرير - عن ابن عمر".

মুম্বিনের দূরদৃষ্টিকে ভয় কর। কেননা সে আল্লাহর নূরের আলোকে দেখতে পায়।

[২]

**30731-** احذروا فراسة المؤمن! فإنه ينظر بنور الله وينطق بتوفيق الله. "ابن جرير - عن ثوبان".

মুম্বিনের দূরদৃষ্টি থেকে বাঁচ। কেননা সে আল্লাহর নূরের আলোকে দেখতে পায় এবং আল্লাহর তাওফীক অনুযায়ী কথা বলে।

[৩]

**30732-** إن لله تعالى عبادا يعرفون الناس بالتوسم. "الحكيم والبنار عن أنس".

আল্লাহ তাআলার কিছু বান্দা এমন আছে যে, তারা মানুষের লক্ষণ দ্বারা ই তাদের (স্বভাব) চিনে ফেলেন।

[৪]

**30733-** إن لكل قوم فراسة وإنما يعرفها الأشراف. "ك - عن عروة مرسلًا"

প্রত্যেক সম্প্রদায়ের দূরদৃষ্টি (সম্পন্ন লোক) আছে। তাকে তাদের সম্ভ্রান্ত লোকেরা চিনতে পারে।



[৫]

**30734-** اعتبروا الأرض بأسمائها، واعتبروا الصاحب بالصاحب. "عد - عن ابن

مسعود؛ هب عنه موقوفا"

স্থানের পরিচয় লাভ কর তার নামের দ্বারা। আর সঙ্গীর পরিচয় লাভ কর তার সঙ্গীর দ্বারা।

[৬]

**30735-** إن الرجل إذا رضي هدي الرجل وعمله فهو مثله. "طب عن عقبه بن

عامر."

যখন কোন ব্যক্তি কোন স্বভাব ও কাজকে পছন্দ করে তখন মনে করবে সেও অনুরূপ।

[৭]

**30736-** إذا أتى الرجل القوم فقالوا: مرحبا! فمرحبا به يوم القيامة يوم يلقي ربه،

وإذا أتى الرجل القوم فقالوا له: قحطا! فقحطا له يوم القيامة. "طب، ك - عن الضحاک بن

قيس"

যখন কোন ব্যক্তি কোন সম্প্রদায়ের নিকট আগমন করে। আর তারা তাকে দেখে বলে মারহাবা অর্থাৎ তাদের আনন্দ প্রকাশ করে। তবে এটা তার জন্য খুশির কারণ হবে কিয়ামতের দিন অথবা যেদিন সে তার প্রতিপালকের সাথে সাক্ষাত করবে। আর যে ব্যক্তি কোন সম্প্রদায়ের নিকট আগমন করে আর তার আগমানে তারা অসন্তুষ্টি প্রকাশ করে তবে এটা তার জন্য মন্দ হবে কিয়ামতের দিন।

[৮]

**30737-** إذا أثنى عليك جيرانك أنك محسن فأنت محسن، وإذا أثنى عليك

جيرانك أنك مسيء فأنت مسيء. "ابن عساکر - عن ابن مسعود".

যখন তোমার প্রতিবেশী বলে, তুমি ভাল লোক তাহলে তুমি ভাল। আর যখন তোমার প্রতিবেশী বলে তুমি মন্দ লোক, তাহলে তুমি মন্দ।



[৯]

**30738-** إن لله تعالى ملائكة في الأرض تنطق على ألسنة بني آدم بما في المرء

من الخير والشر. "ك، هب - عن أنس".

আল্লাহ তাআলা ও ফেরেশতারা পৃথিবীর মানুষের যবান দ্বারা মানুষের ভাল-মন্দ প্রকাশ করেন।

[১০]

**30739-** إذا سمعت جيرانك يقولون: أحسنت! فقد أحسنت، إذا سمعتهم يقولون:

قد أسأت! فقد أسأت. "حم، ه، ط - عن ابن مسعود؛ ه - عن كلثوم الخزاعي"

যখন তুমি শুনবে তোমার প্রতিবেশী বলছে তুমি ভাল কাজ করেছ। তখন তুমি বুঝবে তুমি ভাল কাজ করেছ। আর যখন শুনবে তোমার প্রতিবেশী বলছে, তুমি মন্দ কাজ করেছ, তখন মনে করবে তুমি মন্দ কাজ করেছ।

[১১]

**30740-** أهل الجنة من ملأ الله أذنيه من ثناء الناس خيرا وهو يسمع، وأهل النار

من ملأ الله أذنيه من ثناء الناس شرا وهو يسمع. "ه - عن ابن عباس".

জান্নাতী ঐ ব্যক্তি যার দুই কান আল্লাহ তাআলা মানুষের (প্রকৃত) প্রশংসার দ্বারা ভরে দিয়েছেন- যা সে লোকদের থেকে শুনে থাকে। আর জাহান্নামী ঐ ব্যক্তি যার কান আল্লাহ তাআলা মানুষের মন্দ কথার দ্বারা ভরে দিয়েছেন- যা সে মানুষ থেকে শুনে থাকে।

[১২]

**30741-** أيما مسلم شهد له أربعة بخير أدخله الله تعالى الجنة أو ثلاثة أو اثنان.

"حم، خ، ن - عن عمر".

কোন মুসলমানের পক্ষে যখন চার ব্যক্তি তার কল্যাণের সাক্ষ্য প্রদান করে তবে আল্লাহ তাআলা তাকে জান্নাতে প্রবেশ করাবেন। এক বর্ণনায় তিনজন আরেক বর্ণনায় দুইজনের কথা উল্লেখ আছে।



[১৩]

**30742-** إذا أحببتهم أن تعلموا ما للعبد عند ربه انظروا ما يتبعه من الثناء. "ابن

عساكر - عن علي؛ ومالك عن كعب موقوفا"

যখন তুমি কোন ব্যক্তির ব্যাপারে এটা জানতে চাও যে, আল্লাহর নিকট তার কি মর্যাদা রয়েছে. তখন তার ব্যাপারে মানুষের অভিমত বা গুণকীর্তন অনুযায়ী তা অনুমান কর।

[১৪]

**30743-** إذا رأيت الله تعالى يعطي العبد من الدنيا ما يحب وهو مقيم على معاصيه

فإنما ذلك منه استدراج. "حم، طب، هب - عن عقبة بن عامر"

যখন তুমি দেখবে কোন গুনাহগার ও পাপাচারীকে আল্লাহ তাআলা মাল-দৌলত দিয়ে রেখেছেন। তখন মনে করবে এটা তার জন্য আল্লাহর পক্ষ থেকে অবকাশ।

[১৫]

**30744-** إذا رأيت كلما طلبت شيئا من أمر الآخرة وابتغيته يسر لك وإذا أردت شيئا من

الدنيا وابتغيته عسر عليك فاعلم أنك على حالة حسنة، وإذا رأيت كلما طلبت شيئا من أمر

الآخرة وابتغيته عسر عليك وإذا طلبت شيئا من أمر الدنيا وابتغيته يسر لك فاعلم أنك على

حالة قبيحة. "ابن المبارك في الزهد - عن سعد بن أبي سعيد مرسلًا؛ عد - عن عمر بن

الخطاب."

যখন তুমি আখিরাতের সওয়াব ও প্রতিদান প্রত্যাশী এবং তা সহজে পেয়ে যাও এবং যখন তুমি দুনিয়ার অশেষী এবং তা তোমার জন্য সংকীর্ণ হয়ে যায় তখন বুঝবে তুমি ভাল অবস্থায় (আল্লাহর সন্তুষ্টির মধ্যে) রয়েছে। আর যখন তুমি আখিরাতের অনুসন্ধানী আর তা তোমার জন্য সংকীর্ণ হয়ে রয়েছে এবং যখন তুমি দুনিয়ার অশেষী আর তা তুমি সহজে পেয়ে যাও তখন বুঝবে তুমি খারাপ অবস্থায় রয়েছে।



[১৬]

**30745-** إن من نعمة الله على العبد أن يشبهه ولده. "الشيرازي في الألقاب - عن إبراهيم النخعي مرسلًا".

মানুষের উপর আল্লার নিয়ামতের এক নিয়ামত এই যে, সন্তান তার সদৃশ হওয়া।

[১৭]

**30746-** من سعادة المرء أن يشبه أباه. "ك في مناقب الشافعي - عن أنس".

মানুষের সৌভাগ্যের একটা নিদর্শন হলো তার অবয়ব তার পিতার সদৃশ হওয়া।

[১৮]

**30747-** عرامة الصبي في صغره زيادة في عقله في كبره. "الحكيم عن عمرو بن معد يكرب؛ أبو موسى المدني في أماليه - عن أنس".

শিশুকালে বাচ্চার দুষ্টমতি হওয়া বড়কালে তার আকলমন্দ ও সমবাদার হওয়ার প্রমাণ।

[১৯]

**30748-** من سعادة المرء خفة لحيته. "ك في تاريخه، فر - عن أبي

মানুষের হালকা দাড়ি বিশিষ্ট হওয়া তার সৌভাগ্যের নিদর্শন।

[২০]

**30749-** من الزرقة في العين يمن. "حب في الضعفاء - عن عائشة؛ ك في

তاريخه، فر - عن أبي هريرة".

চোখ নীল বর্ণের হওয়া বরকতের আলামত।

[২১]

**30750-** من الزرقة يمن. "خط - عن أبي هريرة".

(গায়ের বর্ণ) নীলাভ হওয়া বরকতের আলামত।



[২২]

**30751-** جعل الخير كله في الربعة. "ابن لال - عن عائشة"

মাঝারী গড়ন বা মধ্যমাকৃতির মধ্যে সব কল্যাণ রয়েছে।

[২৩]

**30752-** ثلاث خصال من سعادة المسلم في الدنيا: الجار الصالح، والمسكن

الواسع، والمركب الهنيء. "حم، طب، ك - عن نافع بن عبد الحارث".

তিনটি গুণ দুনিয়াতে একজন মুসলমানের সৌভাগ্যের নিদর্শন। নেক স্ত্রী, প্রশস্ত বাসভবন এবং পছন্দনীয় বাহন।

[২৪]

**30753-** أربع من السعادة: المرأة الصالحة، والمسكن الواسع، والجار الصالح،

والمركب الهنيء، وأربع من الشقاوة: المرأة، والجار السوء، والمركب السوء، والمسكن

الضييق. "ك، حل، هب - عن سعد".

চারটি সৌভাগ্যের বস্তু রয়েছে। তা হলো- সতী-সাদ্বী নারী। পরিচ্ছন্ন ও প্রশস্ত বাসভবন। সৎ-প্রতিবেশী। পছন্দনীয় বাহন।

আর চারটি দুর্ভাগ্যের বস্তু রয়েছে। তা হলো- দুশ্চরিত্রা নারী। অসৎ প্রতিবেশী। অপছন্দনীয় বাহন। অপরিচ্ছন্ন ও অপ্রশস্ত বাসভবন।

[২৫]

**30754-** سعادة لابن آدم ثلاث، وشقاوة لابن آدم ثلاث، فمن سعادة ابن آدم

الزوجة الصالحة، والمركب الصالح، والمسكن الواسع؛ وشقاوة لابن آدم ثلاث: المسكن

السوء، والمركب السوء، والمرأة السوء. "الطيالسي - عن سعيد".

মানুষের জন্য রয়েছে তিনটি সৌভাগ্যের বস্তু আর তিনটি দুর্ভাগ্যের বস্তু। সৌভাগ্যের বস্তু হলো- সতী-সাদ্বী নারী। ভাল বাহন এবং প্রশস্ত বাসভবন। আর তিনটি দুর্ভাগ্যের বস্তু হলো- মন্দ ঘর, মন্দ বাহন এবং মন্দ স্ত্রী।



[২৬]

**30755-** ثلاثة من السعادة وثلاثة من الشقاوة: فمن السعادة المرأة الصالحة تراها فتعجبك وتغيب عنها فتأمنها على نفسها ومالك، والدابة تكون وطيبة فتلححك بأصحابك، والدار تكون واسعة كثيرة المرافق ومن الشقاوة المرأة تراها فتسوءك وتحمل لسانها عليك وإن غبت عنها لم تأمنها على نفسها ومالك، والدابة تكون قطوفا فإن ضربتها أتعبتك وإن تركتها لم تلححك بأصحابك، والدار تكون ضيقة قليلة المرافق. "ك - عن سعد"

তিনটি বিষয় সৌভাগ্যের আর তিনটি বিষয় দুর্ভাগ্যের। সৌভাগ্যের বিষয় হলো- নেক স্ত্রী যাকে দেখে স্বামীর মন প্রশান্ত হয় এবং যে তার স্বামীর অনুপস্থিতিতে স্বামীর সম্পদ এবং নিজের সতীত্ব রক্ষা করে। অনুগত দ্রুতগামী বাহন, তা তোমাকে বন্ধুদের কাছে (অল্প সময়ে) পৌঁছ দেবে এবং প্রশস্ত বাসভবন, যাতে অনেক বন্ধু-বান্ধবের স্থান সংকুলান হবে।

আর ব্যক্তির দুর্ভাগ্যের বিষয় হলো- এমন নারী যে তোমাকে কষ্ট দেয় এবং তোমার সাথে বাক-বিতণ্ডা করে। আর যদি তুমি তার থেকে অনুপস্থিত থাক, তাহলে সে তার নিজের এবং তোমার সম্পদের নিরাপত্তা দেয় না। এমন উচ্ছৃঙ্খল প্রাণী (বাহন), যদি তুমি প্রহার কর তবে তা তোমাকে আক্রমণ করে। আর যদি তুমি ছেড়ে দাও, তবে তুমি তোমার বন্ধুদের কাছে পৌঁছতে পারবে না। আর এমন অপ্রশস্ত ঘর যাতে কেবল অল্প কয়েকজন বন্ধু-বান্ধবের সংকুলান হয়।

[২৭]

**30756-** أربع من سعادة المرء: أن تكون زوجته صالحة، وأولاده أبرارا، وخلطاؤه صالحين، وأن يكون رزقه في بلده. "ابن عساکر، فر - عن علي؛ ابن الدنيا في كتاب الإخوان - عن عبد الله بن الحكم عن أبيه عن جده"

চারটি বিষয় মানুষের জন্য সৌভাগ্যের কারণ। তার স্ত্রী পূণ্যবতী হওয়া। তার সন্তান নেক হওয়া। তার বন্ধু-বান্ধব সৎ ও ভাল হওয়া এবং তার নিজ শহরে জীবিকার ব্যবস্থা হওয়া।



[২৮]

**30757-** من أراد أن يعلم ماله عند الله فلينظر ما لله عنده. "قط في الأفراد - عن أنس رضي الله عنه؛ حل عن أبي هريرة وعن سمرة".

যে ব্যক্তি এটা জানতে চায় যে, আল্লাহর দরবারে তার কি মর্যাদা রয়েছে, তবে সে যেন দেখে তার নিকট আল্লাহর (আনুগত্যের) কি মর্যাদা রয়েছে।

[২৯]

**30758-** من كرم أصله وطاب مولده حسن محضره. "ابن النجار - عن أبي هريرة".

যার মূল ভাল হবে, জন্ম পবিত্র হবে- তার ভাগ্যও সুপ্রসন্ন হবে।

[৩০]

**30759-** إذا أحب الله عبدا قذف حبه في قلوب الملائكة، وإذا أبغض الله عبدا قذف بغضه في قلوب الملائكة؛ ثم يقذفه في قلوب الآدميين. "حل - عن أنس"

আল্লাহ তাআলা যখন কোন বান্দাকে ভালবাসেন তখন তার ভালবাসা ফেরেশতাদের অন্তরে যোজিত করে দেন। আর কোন বান্দার সাথে বিদ্বেষ পোষণ করলে তার সেই বিদ্বেষ ফেরেশতাদের অন্তরে যোজিত করে দেন। অতঃপর তার সেই বিদ্বেষ মানুষের অন্তরেও ঢেলে দেন।

[৩১]

**30760-** إن الله تعالى إذا أحب عبدا دعا جبريل فقال: إني أحب فلانا فأحبه!

فيحبه جبريل ثم ينادي في السماء فيقول: إن الله يحب فلانا فأحبوه! فيحبه أهل السماء، ثم يوضع له القبول في الأرض؛ وإذا أبغض عبدا دعا جبريل فيقول: إني أبغضه؛ فيبغضه جبريل ثم ينادي في أهل السماء: إن الله تعالى يبغض فلانا فأبغضوه! فيبغضونه ثم توضع له البغضاء في الأرض. "حم - عن أبي هريرة"



আল্লাহ যখন কোন বান্দাকে মহব্বত করেন তখন জিবরাইল (আ) কে ডেকে বলেন, আমি অমুককে মহব্বত করি অতএব তুমি তাকে মহব্বত কর। ফলে জিবরাইল (আ) তাকে মহব্বত করেন। অতঃপর জিবরাইল (আ) আসামানবাসীদের মধ্যে ঘোষণা করেন যে, আল্লাহ তাআলা অমুককে ভালবাসেন, অতএব তোমরাও তাকে ভালবাস। তখন আসামানবাসীরাও তাকে ভালবাসতে শুরু করে। তারপর আল্লাহ তাআলার তরফ থেকে যমীন বাসীদের মধ্যেও তার জনপ্রিয়তা সৃষ্টি করা হয়।

আর আল্লাহ যখন কোন বান্দার প্রতি অসন্তুষ্ট হন তখন জিবরাইল (আ) কে ডেকে বলেন, অমুককে আমি অপছন্দ করি অতএব তুমিও তাকে অপছন্দ কর। ফলে জিবরাইল (আ)ও তাকে অপছন্দ করেন। অতঃপর জিবরাইল (আ) আসামানে ঘোষণা করেন, তোমাদের প্রতিপালক অমুকের প্রতি অসন্তুষ্ট অতএব তোমরাও তার প্রতি অসন্তুষ্ট প্রকাশ কর। অতঃপর তার জন্য পৃথিবীতেও অসন্তুষ্ট ছড়িয়ে দেয়া হয়।

[৩২]

**30761-** إذا أحب الله عز وجل عبدا نادى جبريل: إن الله يحب فلانا فأحبه! فيحبه جبريل

فينادي جبريل في أهل السماء: إن الله يحب فلانا فأحبه! فيحبه أهل السماء؛ ثم يوضع له

القبول في الأرض. "ق عن أبي هريرة"

যখন আল্লাহ কোন বান্দাকে মহব্বত করেন তখন জিবরাইল (আ) কে ডেকে বলেন, নিশ্চয়ই আল্লাহ অমুককে মহব্বত করে, অতএব তুমিও তাকে মহব্বত কর। ফলে জিবরাইল (আ) তাকে মহব্বত করতে থাকেন। অতঃপর জিবরাইল (আ) আসামানবাসীদের মধ্যে ঘোষণা করেন যে, আল্লাহ তাআলা অমুককে ভালবাসেন, অতএব তোমরাও তাকে ভালবাস। তখন আসামানবাসীরাও তাকে ভালবাসতে শুরু করে। অতঃপর পৃথিবীতেও তার গ্রহণযোগ্যতা সৃষ্টি হয়ে যায়।

[৩৩]

**30762-** إذا أراد الله تعالى بعبد خيرا جعل له واعظا من نفسه يأمره وينهاه. "فر -

عن أم سلمة

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন তখন তার অন্তরে উপদেশ প্রদানকারী সৃষ্টি করে দেন, যে তাকে ভাল কাজের উপদেশ প্রদান করে এবং মন্দ কাজ থেকে বাধা দেয়।



[৩৪]

**30763-** إذا أراد الله بعد خيرا غسله ، قيل: وما غسله؟ قال: يفتح له عملا

صالحا قبل موته ثم يقبضه عليه. "حم، طب - عن أبي عنبه

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন তখন তাকে মিষ্ট করেন অর্থাৎ নেক স্বভাব সম্পন্ন করেন। জিজ্ঞাসা করা হলো তার আলামত কি? তিনি বললেন, তার নিদর্শন হলো তাকে নেক আমলের তাওফীক প্রদান করা হয় অতঃপর এর উপরই তার মৃত্যু হয়।

[৩৫]

**30764-** إذا أراد الله بعد خيرا استعمله، قيل: كيف يستعمله؟ قال: يفتح له عملا

صالحا بين يدي موته حتى يرضى من حوله. "حم، ك - عن عمرو بن الحمق

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন তাকে আমল করতে দেন। বলা হলো, কিভাবে আমল করতে দেন? তিনি বললেন, মৃত্যুর পূর্বে তার জন্য নেক আমলের দরজা উন্মুক্ত করে দেন। এমনকি তার প্রতিবেশী তার প্রতি সন্তুষ্ট হয়ে যায়।

[৩৬]

**30765-** إذا أراد الله بعد خيرا عاتبه في منامه. "فر - عن أنس"

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন- তখন নিদ্রিত অবস্থায় তার উপর তার অসম্মতি (দুঃস্বপ্ন) প্রকাশ করেন। (যেন সে তার অবস্থা সংশোধন করে)।

[৩৭]

**30766-** إذا أراد الله بعد خيرا استعمله، قيل: كيف يستعمله؟ قال: يوفقه لعمل

صالح قبل الموت ثم يقبضه عليه. "حم، ت حب، ك - عن أنس"

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন তাকে আমল করতে দেন। বলা হলো, কিভাবে আমল করতে দেন? তিনি বললেন, মৃত্যুর পূর্বে তাকে নেক আমলের তাওফীক দান করেন। অতঃপর এর উপরই তার মৃত্যু হয়।



[৩৮]

**30767-** إذا أراد الله بعد خيرا طهره قبل موته، قيل: وما طهور العبد؟ قال: عمل

صالح يلهمه إياه حتى يقبضه عليه. "طب - عن أبي أمامة

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন মৃত্যুর পূর্বে তাকে পবিত্র করেন। বলা হলো, কিভাবে পবিত্র করেন? তিনি বললেন, তার অন্তরে নেক আমলের উদ্দীপনা সৃষ্টি হয় এমনকি এর উপরই তার মৃত্যু হয়।

[৩৯]

**30768-** إذا أراد الله بعد خيرا فتح له قفل قلبه، وجعل فيه اليقين والصدق،

وجعل قلبه واعيا لما سلك فيه، وجعل قلبه سليما ولسانه صادقا وخليفته مستقيمة، وجعل أذنه

سميعة وعينه بصيرة. "أبو الشيخ عن أبي ذر

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন তার অন্তরের তালাকে খুলে দেন এবং এর মধ্যে ইয়াকীন এবং সিদ্ক তথা দৃঢ় বিশ্বাস ও সততাকে ভরে দেন। তার অন্তরকে সাবধানী করে দেন যার দ্বারা সে চলে। তার অন্তরকে সুস্থ, যবানকে সত্য এবং স্বভাব-চরিত্রকে উত্তম করে দেন। আর তার কানকে হক শ্রবণকারী এবং চোখকে হক দর্শনকারী বানিয়ে দেন।



## الإكمال

[80]

**30769-** احذروا دعوة المسلم وفراسته. "حل - عن ثوبان"

মুসলিমের বদদুআ ও তার দূরদৃষ্টি থেকে বাঁচ।

[81]

**30770-** لكل قوم فراسة وإنما يعرفها الأشراف. "ك - عن عروة مرسلًا"

প্রত্যেক সম্প্রদায়ের অন্তর্দৃষ্টি (সম্পন্ন লোক) আছে। আর তার সম্ভ্রান্ত লোকেরা তাকে চিনতে পারে।

[82]

**30771-** إذا أحب الله عبداً أثني عليه سبعة أصناف من الخير لم يعمله قط، وإذا

سخط الله على عبد أثني عليه سبعة أصناف من الشر لم يعمله. "ق في الزهد - عن أبي

سعيد".

যখন আল্লাহ তাআলা কোন বান্দাকে মহব্বত করেন, তখন তার জন্য সপ্ত ধরনের কল্যাণের তাওফীক তাকে দান করেন, যা সে পূর্বে কখনও করে নি। আর যখন আল্লাহ তাআলা কোন বান্দার প্রতি নারায় হন, তখন তার জন্য সপ্ত ধরনের অকল্যাণের পথ খুলে দেন, যা সে পূর্বে কখনও করে নি।

[83]

**30772-** إذا عطس أحدكم عند حديث كان حقاً. "عد - عن أبي هريرة".

যখন তোমাদের কারও থেকে সময়োপযোগী কথা বের হয় তবে এটা তার সত্য হওয়ার প্রমাণ।

[88]

**30773-** إن رأس العقل التحبب إلى الناس، وإن من سعادة المرء خفة لحيته. "عد

- وقال: منكر - وابن عساكر - عن أبي هريرة".

আকল বা বোধশক্তির মূল বা চূড়ান্ত হলো মানুষের নিকট প্রিয় হয়ে যাওয়া। আর ব্যক্তির সৌভাগ্যের নিদর্শন হলো তার দাড়ি পাতলা হওয়া।



[৪৫]

**30774-** إن لله تعالى ملائكة في الأرض تنطق على ألسنة بني آدم بما في المرء من الخير والشر. "الديلمى - عن أنس"

আল্লাহ তাআলা এবং তার ফেরেশতাগণ পৃথিবীতে ব্যক্তির ভাল-মন্দের ব্যাপারে মানুষের যবান দ্বারা কথা বলেন।

অর্থাৎ মানুষ কারো ব্যাপারে ভাল-মন্দ যা বলে তা আল্লাহ ও তার ফেরেশতাদের কথানুযায়ী হয়।

[৪৬]

**30775-** الملائكة شهداء الله في السماء وأنتم شهداء الله في الأرض. "ن - عن أبي هريرة؛ هب، د، طب - عن سلمة بن الأكوع؛ زاد هناد: فإذا شهدتم وجبت"

আসমানে ফেরেশতারা আল্লাহর সাক্ষী আর যমীনে তোমরা আল্লাহর সাক্ষী। হানাদের রিওয়াজাতে অতিরিক্ত আছে যে, তোমাদের সাক্ষ্য দ্বারা (জান্নাত অথবা জাহান্নাম) ওয়াজীব হয়ে যায়।

[৪৭]

**30776-** يا أبا بكر إن لله تعالى ملائكة تنطق على ألسنة بني آدم بما في المرء من الخير والشر. "ك، هب - عن أنس"

হে আবু বকর! ব্যক্তির ভাল অথবা মন্দ হওয়ার ব্যাপারে আল্লাহ ও তার ফেরেশতারাই মানুষের যবান দ্বারা কথা বলে।

[৪৮]

**30777-** إن من سعادة المرء الزوجة الصالحة، والمسكن الصالح، والمركب الصالح، وإن من الشقاء الزوجة السوء، والمسكن السوء، والمركب السوء. "طب - عن

محمد بن سعد بن أبي وقاص عن أبيه"

একজন ব্যক্তির সৌভাগ্যের নিদর্শন হলো- পৃণ্যবতী স্ত্রী, ভাল বাসভবন ও ভাল বাহন। আর একজন ব্যক্তির দুর্ভাগ্য হলো মন্দ স্ত্রী, মন্দ বাসভবন ও মন্দ বাহন।



[৪৯]

**30778-** إن من سعادة المرء المسلم المسكن الواسع والجار الصالح والمركب

الهنئيء. "هب وابن النجار - عن نافع بن عبد الحارث الخزاعي".

একজন মুসলমানের সৌভাগ্যের নিদর্শন হলো- প্রশস্ত বাসভবন, নেককার স্ত্রী এবং পছন্দসই বাহন।

[৫০]

**30779-** إن من سعادة الرجل زوجة صالحة وولدا بارا وخلطاء صالحين ومعيشة في

بلادہ. "ابن النجار - عن الحسن عن علي"

একজন লোকের সৌভাগ্যের নিদর্শন হলো- স্ত্রী পূণ্যবতী হওয়া। সন্তান নেক হওয়া। বন্ধু-বান্ধব সৎ ও ভাল হওয়া। তার জীবিকার সংস্থান তার নিজ শহরে হওয়া।

[৫১]

**30780-** من سعادة المرء المسلم في الدنيا الجار الصالح، والمنزل الواسع،

والمركب الهنيء. "ك - عن عبد الله بن الحارث الخزاعي الأنصاري" "حم، طب، ك، هب -

عن نافع بن عبد الحارث الخزاعي عن سعد"

দুনিয়াতে একজন মুসলমানের সৌভাগ্যের নিদর্শন হলো- নেককার স্ত্রী। প্রশস্ত বাসভবন। পছন্দসই বাহন।

[৫২]

**30781-** من سعادة ابن آدم رضاه بما يقضي الله واستخارة الله، ومن شقاوة ابن

آدم سخطه بما يقضي الله وتركه استخارة الله؛ ومن سعادة ابن آدم ثلاث، ومن شقوته ثلاث:

فمن سعاداته المرأة الصالحة، والمركب الصالح، والمسكن الواسع؛ ومن شقوته المرأة السوء،



والمركب السوء، والمسكن السوء. "حم، ك، هب وابن عساكر - عن إسماعيل بن محمد بن سعد بن أبي وقاص عن أبيه عن جده"

আদম সন্তানের সৌভাগ্য হলো আল্লাহ তাআলার ফয়সালার উপর সম্ভ্রষ্ট থাকা এবং আল্লাহর নিকট ইস্তিখারা বা কল্যাণ কামনা করা। আর আদম সন্তানের দুর্ভাগ্য হলো আল্লাহর ফয়সালার উপর অসম্ভ্রষ্ট হওয়া এবং আল্লাহর নিকট ইস্তিখারা বা কল্যাণ কামনা পরিত্যাগ করা।

তিনটি বিষয় আদম সন্তানের সৌভাগ্যের আর তিনটি বিষয় দুর্ভাগ্যের। সৌভাগ্যের তিনটি বিষয় হলো নেক স্ত্রী, ভাল বাহন এবং প্রশস্ত বাসভবন। আর ব্যক্তির দুর্ভাগ্য হলো অসৎ স্ত্রী, নিকৃষ্ট বাহন এবং মন্দ বাসভবন।

[৫৩]

**30782-** إن من شقاء المرء في الدنيا ثلاثة: سوء الدار، وسوء المسكن وسوء

الدابة؛ قيل: ما سوء الدار؟ قيل: ضيق ساحتها وخيب جيرانها، قيل: فما سوء الدابة؟ قال:

منع ظهرها وسوء طلقها، قيل: فما سوء المرأة؟ قال: عقم رحمها وسوء خلقها. "طب - عن

أسماء بنت عميس"

তিনটি বিষয় দুনিয়াতে আদম সন্তানের দুর্ভাগ্য। নিকৃষ্ট বাসভবন। অসৎ ঘরওয়ালী এবং মন্দ বাহন। জিজ্ঞাসা করা হলো, মন্দ বাসভবন দ্বারা কি উদ্দেশ্য? তিনি বললেন, ঘর সংকীর্ণ হওয়া এবং প্রতিবেশী খারাপ হওয়া। জিজ্ঞাসা করা হলো, মন্দ বাহন দ্বারা কি উদ্দেশ্য? তিনি বললেন, তার পিঠ অসমান ও উঁচু নিচু হওয়া এবং চলনে ধীরগতি হওয়া। জিজ্ঞাসা করা হলো মন্দ স্ত্রী দ্বারা কি উদ্দেশ্য? তিনি বললেন, বন্দ্য হওয়া এবং স্বভাব-চরিত্র খারাপ হওয়া।

[৫৪]

**30783-** من رزق حسن صورة وحسن خلق وزوجة سالحة وسخاء فقد أعطي من

خير الدنيا والآخرة. "ابن شاهين - عن أنس".

যাকে সুদর্শনা ও সুন্দর চরিত্রের স্ত্রী এবং সাখাওয়াত বা উদারতা ও দানশীলতার গুণ দান করা হয়েছে তাকে দুনিয়া ও আখিরাতের কল্যাণ দান করা হয়েছে।



[৫৫]

**30784-** من آتاه الله وجهها واسما حسنا وجعله في موضع غير شان له فهو صفوة

الله من خلقه. "هب وابن عساكر - عن ابن عباس

যাকে আল্লাহ তাআলা সৌন্দর্য ও সুন্দর চেহারা দান করেছেন এবং তাকে এমন স্থানে রেখেছেন যেখান থেকে তার মর্যাদা প্রকাশ পায় না, তবে সে মাখলুকের মধ্যে আল্লাহর বিশিষ্ট বান্দা।

[৫৬]

**30785-** إن من فقه الرجل مدخله ومخرجه وممشاه وإلفه ومجلسه. "الديلمى

- عن أبي هريرة"

একজন ব্যক্তির জ্ঞান উপলব্ধীর উপায় হলো তার প্রবেশ করা, বের হওয়া, তার হাটা-চলা, তার অন্তরঙ্গতা ও উপবেশনের দিকে লক্ষ্য করা।

[৫৭]

**30786-** إن من يمن المرأة تيسير خطبتها وتيسير صداقها وتيسير رحمها. "حم -

عن عائشة"

নারীর বরকতের মধ্যে হলো তার বিবাহ সহজে হওয়া, মোহর কম হওয়া এবং সন্তান জন্মদায়িনী হওয়া।

[৫৮]

**30787-** الشيب في مقدم الرأس يمن - ثم العذارين سخاء، وفي الذوائب

شجاعة، وفي القفا شؤم. "الديلمى - عن ابن عمر".

চুলের শুভ্রতা যদি কপালের উপর হয় তবে তা বরকতের আলামত। যদি কানের উপর হয় তবে দানশীলতার আলামত। যদি মাথার উপর হয় তবে বিরত্বের আলামত। আর যদি মাথার পিছনে হয় তবে দুর্ভাগ্যের আলামত।



[৫৯]

**30788-** المقمة من الله وألقيت من السماء، فإذا أحب الله عبدا قال لجبريل: يا جبريل! إن ربك يحب فلانا فأحبه! فينادي جبريل في السماء: إن ربكم يحب فلانا فأحبه! فيحبه أهل السماء وتنزل له المحبة في الأرض؛ وإذا أبغض الله عبدا قال لجبريل: إنني أبغض فلانا فأبغضه! فينادي جبريل: إن ربكم عز وجل يبغض فلانا فأبغضوه! فيجري له البغض في الأرض. "حم، ع، طب وابن عساكر، ص - عن أبي أمامة"

মহব্বত ও ভালবাসা এবং সুখ্যাতি আল্লাহর পক্ষ হতে আসমান থেকে অবতীর্ণ হয়। আল্লাহ যখন কোন বান্দাকে মহব্বত করেন, তখন জিবরাইল (আ) কে ডেকে বলেন, তোমার প্রতিপালক অমুককে ভালবাসেন। অতএব তুমিও তাকে ভালবাস। অতঃপর জিবরাইল (আ) আসমানে ঘোষণা করেন, তোমাদের প্রতিপালক অমুককে ভালবাসেন, অতএব তোমরাও তাকে ভালবাস। তখন আসমানবাসীরাও তাকে ভালবাসতে থাকে। অতঃপর এই মহব্বত ও ভালবাসা যমীনে অবতীর্ণ হয়।

আর আল্লাহ যখন কোন বান্দার প্রতি অসন্তুষ্ট হন তখন জিবরাইল (আ) কে বলেন, অমুকের প্রতি আমি শত্রুতা পোষণ করি অতএব তুমিও তার প্রতি শত্রুতা পোষণ কর। অতঃপর জিবরাইল (আ) ঘোষণা করেন, তোমাদের প্রতিপালক অমুকের প্রতি শত্রুতা পোষণ করেন অতএব তোমরাও তার প্রতি শত্রুতা পোষণ কর। অতঃপর তার জন্য পৃথিবীতে অসন্তুষ্ট ছড়িয়ে দেয়া হয়।

[৬০]

**30789-** لكل عبد صيت، فإذا كان صالحا وضع في الأرض صالحا، وإن كان سيئا وضع في الأرض سيئا. "الحكيم وأبو الشيخ - عن أبي هريرة"

প্রত্যেক ব্যক্তির একটি প্রসিদ্ধি আছে। যদি সে ভাল ও সৎ হয় তবে তার সুনাম পৃথিবীতে ছড়িয়ে দেয়া হয়। আর যদি সে অসৎ ও খারাপ হয় তবে তার বদনাম পৃথিবীতে ছড়িয়ে দেয়া হয়।

[৬১]

**30790-** من سره أن يعلم ما له عند الله فليعلم ما لله عنده. "حل عن أبي هريرة؛

حل - عن سمرة"

যে ব্যক্তির এ বিষয়টি আনন্দিত করে যে, সে জেনে নিবে- আল্লাহর নিকট তার কি মর্যাদা রয়েছে, তবে সে যেন দেখে যে সে আল্লাহর জন্য কি আমল করেছে।



[৬২]

**30791-** يوشك أن تعلموا من أهل الجنة ومن أهل النار، وخياركم من شراركم بالثناء الحسن والثناء السيء، أنتم شهداء عند الله عز وجل من الأرض بعضكم على بعض. "حم، ش، طب والبعوي والحاكم في الكنى، قط في الأفراد، ك، ق - عن أبي زهير الثقفى"

অচিরেই তোমরা জানতে পারবে যে, কে জান্নাতী আর কে জাহান্নামী। এমনিভাবে সুনাম ও সুখ্যাতি এবং বদনাম ও কুখ্যাতি দ্বারা জানতে পারবে যে, তোমাদের মধ্যে কে ভাল আর কে খারাপ। তোমরা এই যমীনে একে অপরের জন্য আল্লাহর সাক্ষীস্বরূপ।

[৬৩]

**30792-** إذا أحب الله تعالى عبدا اقتناه لنفسه ولم يشغله بزوجة ولا ولد. "حل -

عن ابن مسعود"

যখন আল্লাহ তাআলা কোন বান্দাকে মহব্বত করেন, তখন তাকে নিজের (ইবাদতের) দিকে মনোযোগী করে দেন। তাকে স্ত্রী-সন্তানের দিকে (বেশী) মনোযোগী করেন না।

[৬৪]

**30793-** إذا أحب الله تعالى عبدا ابتلاه، فإذا أحبه الحب البالغ اقتناه، قالوا: يا رسول الله! وما اقتناؤه؟ قال: لم يترك له مالا ولا ولدا. "طب وابن عساكر - عن أبي عقبة الخولاني"

যখন আল্লাহ তাআলা কোন বান্দাকে মহব্বত করেন, তখন তাকে (বিপদ ও আনুগত্য এবং ধৈর্য ও সন্তুষ্টির) পরীক্ষায় ফেলেন। আর যখন পূর্ণ মহব্বত করেন তখন তাকে বাঁচিয়ে নেন। জিজ্ঞাসা করা হলো, ইয়া রাসূলুল্লাহ! তাকে কিভাবে বাঁচিয়ে নেন? তখন তিনি বললেন, তার নিকট মাল-সম্পদ ও সন্তান-সন্ততি রাখেন না।

[৬৫]

**30794-** إن الله تعالى إذا أراد بعبد خيرا ابتلاه، فإذا ابتلاه اقتناه، قالوا: يا رسول الله! وما اقتناؤه؟ قال: لم يترك له مالا ولا ولدا. "طب وابن عساكر - عن أبي عقبة الخولاني"



যখন আল্লাহ তাআলা কোন বান্দার জন্য কল্যাণের ইচ্ছা করেন, তখন তাকে পরীক্ষায় নিপতিত। আর যখন তাকে পরীক্ষা করে নেন তখন তাকে বাঁচিয়ে নেন। জিজ্ঞাসা করা হলো, ইয়া রাসূলুল্লাহ! তাকে কিভাবে বাঁচিয়ে নেন? তখন তিনি বললেন, তার নিকট মাল-সম্পদ ও সন্তান-সন্ততি রাখেন না।

[৬৬]

**30795-** إذا أراد الله بعبد خيرا استعمله قبل الموت، قيل: ما يستعمله؟ قال:

يهديه إلى العمل الصالح قبل موته فيقبض على ذلك. "حم - عن عمرو بن الحمق"

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন তাকে মৃত্যুর পূর্বে আমলকারী বানিয়ে দেন। জিজ্ঞাসা করা হলো, কিভাবে আমলকারী বানিয়ে দেন? তিনি বললেন, তাকে মৃত্যুর পূর্বে নেক আমলের দিকে পথ প্রদর্শন এবং এর উপরই তার মৃত্যু হয়।

[৬৭]

**30796-** إذا أراد الله بعبد خيرا غسله، وهل تدرّون ما غسله؟ يفتح له عملا صالحا

بين يدي موته حتى يرضى عنه جيرانه. "حم، طب، ك عن عمرو بن الحمق"

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন তাকে নেক ও মিষ্টস্বভাব সম্পন্ন বানিয়ে দেন। তারপর বললেন, কিভাবে মিষ্টস্বভাব সম্পন্ন করেন তা কি জান? তার জন্য মৃত্যুর পূর্বে নেক আমলের দরজাকে উন্মুক্ত করে দেন। এমনকি তার প্রতিবেশী তার স্বভাব-চরিত্রের উপর সন্তুষ্ট হয়ে যায়।

[৬৮]

**30797-** خير الخيل الأقرح طلق اليد اليمنى أي مطلقها ليس فيها تحجيل

উত্তম ঘোড়া হলো কপালে সাধারণ মানের শুভ্রতা থাকা এবং ডান পায়ে কোন শুভ্রতা না থাকা।

[৬৯]

**30798-** إذا أراد الله بعبد خيرا غسله، قيل: وما غسله؟ قال: يحببه إلى جيرانه.

"الخرائطي في مكارم الأخلاق - عن عمرو بن الحمق"

যখন আল্লাহ তাআলা কোন বান্দার কল্যাণ কামনা করেন, তখন তাকে নেকস্বভাব সম্পন্ন করে দেন। জিজ্ঞাসা করা হলো, কিভাবে নেকস্বভাব সম্পন্ন করেন? তিনি বললেন, তার প্রতিবেশীর নিকট সে পছন্দনীয় হয়ে যায়।



[৭০]

**30799-** إذا أراد الله تعالى بعبده الخير عجل له العقوبة في الدنيا، وإذا أراد الله بعبده الشر أمسك عنه بذنبه حتى يوافي به يوم القيامة. "ت: حسن غريب، ك - عن أنس؛ عد - عن أبي هريرة

আল্লাহ তাআলা যদি কোন বান্দার জন্য কল্যাণ ও ভালাইর ফয়সালা করেন, তাহলে তার গুনাহসমূহের বদলা দুনিয়াতেই দিয়ে দেন। পক্ষান্তরে আল্লাহ যদি কোন বান্দার জন্য অকল্যাণের ফয়সালা করেন, তাহলে তার গুনাহ সত্ত্বেও তার শাস্তি আটকে রাখেন এমনকি কিয়ামতের দিন তাকে পুরো শাস্তি দেবেন।

[৭১]

**30800-** إذا أراد الله بعبده خيرا عجل له العقوبة في الدنيا، وإذا أراد بعبده شرا أخر عقوبته إلى يوم القيامة حتى يأتي كأنه غير فيطرحة في النار. "هناد عن الحسن مرسلًا"

আল্লাহপাক যদি কোন বান্দার জন্য কল্যাণের ফয়সালা করেন, তাহলে তার গুনাহসমূহের বদলা দুনিয়াতেই দিয়ে দেন। পক্ষান্তরে আল্লাহ যদি কোন বান্দার জন্য অকল্যাণের ফয়সালা করেন, তাহলে তার গুনাহর বদলা পৃথিবীতে না দিয়ে পরকালের জন্য রেখে দেন। এমনকি কিয়ামতের দিন সে গাধার সুরতে আসবে এবং তাকে জাহান্নামের আগুনে নিক্ষেপ করা হবে।

[৭২]

**30801-** كن محسنا! قال: كيف أعلم أنني محسن؟ قال: سل جيرانك! فإن قالوا:

إنك محسن، فأنت محسن؛ وإن قالوا: إنك مسيء، فأنت مسيء. "ك - عن أبي هريرة"

মুহসিন তথা সদাচরণকারী হও। জিজ্ঞাসা করা হলো, কিভাবে বুঝবে যে, আমি মুহসিন বা সদাচরণকারী হয়েছি। তিনি বললেন, তোমার প্রতিবেশীকে জিজ্ঞাসা করো। যদি সে বলে তুমি মুহসিন বা সদ্যবহারকারী তবে তুমি মুহসিন। আর যদি সে বলে যে, তুমি দুর্ব্যবহারকারী, তবে তুমি দুর্ব্যবহারকারী।

[৭৩]

**30802-** اعتبروها بأسمائها وكنوها بكنائها! والرؤيا لأول عابر. "ه - عن أنس

(ব্যক্তির) নামের দ্বারা স্বপ্নের ব্যাখ্যা দান কর এবং দৃষ্টান্ত পেশ কর উপনাম দ্বারা। প্রথম ব্যাখ্যাদানকারীর ব্যাখ্যাই সাধারণত বাস্তবায়িত হয়।



## كتاب الفراسة من قسم الأفعال

[৭৪]

**30803-** عن عمر بن الخطاب رضي الله عنه قال: حدثت أن موسى أو عيسى قال: يا رب! ما علامة رضاك عن خلقك؟ فقال: أن أنزل عليهم الغيث إبان زرعهم، وأحبسه إبان حصادهم، وأجعل أمورهم إلى حلمائهم، وفيهم في أيدي سمحائهم؛ قال: يا رب! فما علامة السخط؟ قال: أن أنزل الغيث إبان حصادهم، وأحبسه إبان زرعهم، وأجعل أمورهم إلى سفهائهم وفيهم في أيدي بخلائهم. "هب، خط في رواة مالك"

হযরত উমর (রা) বলেন, আমার নিকট বর্ণনা করা হয়েছে যে, হযরত মূসা অথবা ইসা (আ) আল্লাহর নিকট জিজ্ঞাসা করলেন, মাখলুকের প্রতি আপনার সম্ভষ্টির আলামত কি? তিনি বললেন, ফসল উঠার সময় বৃষ্টি দান করি এবং ফসল কাটার সময় বৃষ্টি বন্ধ রাখি। তাদের মুয়ামালা ও শাসনকার্য সহনশীল ও বুঝমান লোকদের হাতে অর্পন করি এবং গনীমতের মাল দানশীল লোকদের হাতে অর্পন করি।

আবার জিজ্ঞাসা করা হলো তাদের প্রতি আপনার অসম্ভষ্টির আলামত কি? তিনি বললেন, তাদের ফসল পাকার সময় বৃষ্টি বর্ষণ করি এবং ফসল উঠার সময় বৃষ্টি বন্ধ রাখি। তাদের মুয়ামালা ও শাসনকার্য অবুঝ ও নির্বোধদের হাতে অর্পন করি এবং গনীমতের মাল কৃপণ লোকদের হাতে অর্পন করি।

[৭৫]

**30804-** عن عمر قال: إذا كان في المرء ثلاث خصال فلا تشكوا في صلاحه!

إذا حمده ذو قرابته وجاره ورفيقه. "هناد"

হযরত উমর (রা) বলেন, যখন কোন ব্যক্তির মাঝে তিনটি গুণ পাওয়া যাবে তখন তার নেক হওয়ার ব্যাপারে কোন সন্দেহ করো না। তার আত্মীয়-স্বজন, প্রতিবেশী এবং বন্ধু-বান্ধব যখন তার প্রশংসা করতে থাকে।

[৭৬]

**30805-** قال نعيم بن حماد في نسخته: حدثنا ابن المبارك عن عبد الرحمن ابن

يزيد بن جابر أن عمر قال: قال رجل: يا رسول الله! كيف لي أن أعلم ما حالي عند الله؟ قال:



إذا رأيت كلما طلبت شيئا من أمر الدنيا يسر لك وإذا طلبت شيئا من أمر الآخرة عسر عليك  
فإنك على حال قبيحة، وإذا طلبت شيئا من أمر الدنيا فعسر عليك وإذا طلبت شيئا من أمر  
الآخرة يسر لك فإنك على حال حسنة؛ منقطع. مر برقم [30744]

নাঈম ইবনে হাম্মাদ তার নুসখায় বলেছেন, হযরত ইবনে মুবারক (রহ) আব্দুর  
রহমান ইবনে ইয়াযিদ ইবনে জাবের ইবনে আব্দুল্লাহ (রা) থেকে বর্ণনা করেছেন যে,  
হযরত উমর (রা) বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সা) কে আরয করলেন- এটা আমি  
কিভাবে বুঝব যে আল্লাহর নিকট আমার কি মর্যাদা রয়েছে?

তখন রাসূলুল্লাহ (সা) ইরশাদ করলেন- যখন তুমি দুনিয়ার ব্যাপারে আনন্দিত  
হও এবং আখিরাতে ব্র্যাপারে সংকীর্ণতা অনুভব কর, তখন বুঝবে তুমি খারাপ অবস্থায়  
রয়েছ। আর যখন তুমি দুনিয়ার ব্যাপারে সংকীর্ণতা অনুভব করো এবং আখিরাতে  
আমলের ব্যাপারে প্রশস্ততা অনুভব করো তখন বুঝবে যে তুমি ভাল অবস্থায় আছ।  
(মুনকাতি পূর্বোক্ত হাদীস:৩০৭৪৪)

[৭৭]

**30806-** عن أبي رزين العقيلي قال: قلت: يا رسول الله! كيف بأن أعلم أني مؤمن؟

فقال رسول الله صلى الله عليه وسلم: ما من أمتي - أو قال: ما من هذه الأمة - رجل يعمل  
حسنة فيعلم أنها حسنة وأن الله جازيه بها خيرا ولا يعمل سيئة فيعلم أنها سيئة فيستغفر الله  
تعالى منها ويعلم أنه لا يغفرها إلا هو، إلا وهو مؤمن. "ابن جرير، كر"

আবু রাযিন উকাইলি থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা)  
কে জিজ্ঞাসা করলাম, কিভাবে বুঝব যে, আমি মুমিন? তিনি বললেন, আমার উম্মতের  
যে ব্যক্তিই অথবা আমার উম্মতের যে কেউ নেক আমল করে এটা জেনে যে, এটা নেক  
আমল আর আল্লাহ তাআলা এর জন্য উত্তম প্রতিদান দিবেন অথবা কেউ মন্দ কাজ  
করে, আর জানে যে এটা মন্দ কাজ। অতঃপর আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে এবং  
এই ইয়াকীন রাখে যে, আল্লাহ ব্যতীত কেউ গুনাহ মাফ করতে পারে না- তবে সে  
মুমিন।

[৭৮]

**30807-** عن أبي هريرة قال: جاء رجل إلى رسول الله صلى الله عليه وسلم فقال:

يا رسول الله! دلني على عمل إذا عملت به دخلت الجنة! قال: كن محسنا! قال: كيف أعلم



أني محسن؟ قال: سل جيرانك؟ فإن قالوا: إنك محسن، فإنك محسن؛ وإن قالوا: إنك مسيء، فأنت مسيء. "هب". مر برقم [30675]

হযরত আবু হুরায়রা (রা) বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সা) এর নিকট হাজির হয়ে আরয় করল, আমাকে এমন কোন আমল বলে দিন, যার দ্বারা আমি জান্নাতে পৌছতে পারি। তিনি ইরশাদ করলেন, তুমি মুহসিন হয়ে যাও। অর্থাৎ নেক মানুষ হয়ে যাও। আরয় বরলেন, কিভাবে বুঝব যে, আমি মুহসিন হয়েছি? তিনি বললেন, তোমার প্রতিবেশীকে জিজ্ঞাসা কর। যদি সে বলে তুমি মুহসিন বা ভাল লোক, তবে তুমি ভাল। আর যদি বলে তুমি মন্দ তবে তুমি মন্দ লোক। [পূর্ববর্তী রিওয়ায়াত দ্র:৩০৬৭৫]

[৭৯]

**30808-** عن عبد الله بن مسعود أن رجلا قال: يا رسول الله! أسألك عن علامة الله فيمن يريد وعلامته فيمن لا يريد، فقال له النبي صلى الله عليه وسلم: كيف أصبحت؟ قال: أصبحت أحب الخير وأهله ومن يعمل به، وإن عملت به أيقنت بثوابه، فإن فاتني منه شيء حننت إليه، قال: هذه علامة الله فيمن يريد وعلامته فيمن لا يريد؛ ولو أرادك بالأخرى هيأك لها ثم لم يبال في أي واد هلكت. "حل".

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা) বলেন, এক ব্যক্তি আরয় করল, ইয়া রাসূলুল্লাহ! আমি আপনার কাছে জানতে চাই যে, আল্লাহ তাআলা তার কোন বান্দাকে চাওয়া ও না চাওয়ার আলামত কি?

তখন নবী (সা) তাকে জিজ্ঞাসা করলেন, তুমি সকাল করেছ কোন অবস্থায়? তিনি বললেন, আমি এই অবস্থায় প্রভাত করেছি যে, নেককাজ পছন্দ করি, নেক লোকদের পছন্দ করি এবং নেককাজকারীকে পছন্দ করি। যদি কোন নেককাজ করি তবে এর উপর উত্তম প্রতিদান পাওয়ার ইয়াকীন রাখি। আর যদি কোন নেককাজ ছুটে যায় তবে তার জন্য আফসোস করি।

তখন রাসূলুল্লাহ (সা) ইরশাদ করলেন- আল্লাহ তাআলার চাওয়া না চাওয়ার এটাই আলামত। যদি আল্লাহ তাআলা তোমার জন্য অন্য কিছু চাইতেন তবে তোমাকে এর তাওফীক প্রদান করতেন না। আর তার এই পরোয়া হত না যে, তুমি কোন উপত্যকায় গিয়ে ধ্বংস হও।



[৮০]

**30809-** عن ابن مسعود قال: كنا عند رسول الله صلى الله عليه وسلم فأقبل راكب حتى أناخ فقال: يا رسول الله! إني أتيتك من مسيرة تسع، أنضيت راحلتي وأسهرت ليلي وأظمأت نهاري لأسألك عن خصلتين أسهرتاني، فقال له النبي صلى الله عليه وسلم: ما اسمك؟ قال: أنا زيد الخيل، قال له: بل أنت زيد الخير! فاسأل! فرب معضلة قد سئل عنها؛ قال: أسألك عن علامة الله فيمن يريده وعلامته فيمن لا يريده، فقال له النبي صلى الله عليه وسلم: كيف أصبحت؟ قال: أصبحت أحب الخير وأهله ومن يعمل به، وإن عملت به أيقنت بثوابه، وإن فاتني منه شيء حننت إليه؛ فقال له صلى الله عليه وسلم: هذه علامة الله فيمن يريده وعلامته فيمن لا يريده، ولو أراذك بالأخرى هيأك لها ثم لا يبالي في أي واد هلكت - وفي لفظ: سلكت. "عد وقال: منك، كر".

হযরত ইবনে মাসউদ (রা) বলেন, আমরা নবী (সা) এর খিদমতে ছিলাম। এমন সময় এক সওয়ারী এলো। এসে তার উট এক পাশে রেখে আরয করলেন, ইয়া রাসূলুল্লাহ! আমি নয় মঞ্জিল অতিবাহিত করে এসেছি এবং আমার উটকে দুর্বল করে দিয়েছি। রাত বিনিদ্র এবং দিন ক্ষুৎ পিপাসায় অতিবাহিত করেছি। আমাকে দুটি বিষয় ঘুম থেকে বঞ্চিত করে দিয়েছে। তখন রাসূলুল্লাহ (সা) জিজ্ঞাসা করলেন, তোমার নাম কি? তিনি বললেন, যায়দুল খায়ল। রাসূলুল্লাহ (সা) বললেন, না বরং তোমার নাম হলো যায়দুল খায়র। বল, কি বলতে চাও? কতক মুশকিল বিষয় পূর্বেই জিজ্ঞাসা করা হয়েছে।

তখন লোকটি আরয করল, আমি জানতে চাই যে, আল্লাহ তাআলা তার কোন বান্দাকে চাওয়া ও না চাওয়ার আলামত কি? তখন রাসূলুল্লাহ (সা) তাকে জিজ্ঞাসা করলেন, তোমার কি অবস্থা? সে বলল, আমি নেককাজ এবং নেক লোকদের পছন্দ করি এবং নেককাজকারীকে পছন্দ করি। যদি কোন নেককাজ করার তাওফীক হয় তবে এর উপর উত্তম প্রতিদান পাওয়ার ইয়াকীন রাখি। আর যদি কোন নেককাজ ছুটে যায় তবে তার জন্য আফসোস করি।

তখন রাসূলুল্লাহ (সা) ইরশাদ করলেন- এটাই আল্লাহ তাআলার চাওয়া না চাওয়ার আলামত। যদি আল্লাহ তাআলা তোমার জন্য অন্য কিছু চাইতেন তবে তোমার জন্য সেই পথ সহজ করে দিতেন। আর এই পরোয়া করতেন না যে, তুমি কোন উপত্যকায় গিয়ে ধ্বংস হয়েছ অথবা কোন পথে চলছ।



[৮১]

**30810-** عن ابن مسعود قال: أتى رجل النبي صلى الله عليه وسلم فقال: يا رسول الله! متى أكون محسناً؟ قال: إذا أثنى عليك جيرانك أنك محسن فأنت محسن، قال: فمتى أكون مسيئاً؟ قال: إذا أثنى عليك جيرانك أنك مسيء فأنت مسيء. "كر". مر برقم [30737].

হযরত ইবনে মাসউদ (রা) বলেন, এক ব্যক্তি নবী (সা) এর নিকট হাযির হয়ে জিজ্ঞাসা করল, ইয়া রাসূলুল্লাহ! আমি মুহসিন বা ভাল লোক কবে হব? রাসূলুল্লাহ (সা) ইরশাদ করলেন, যখন তোমার প্রতিবেশী বলবে যে, তুমি ভাল লোক তবে তুমি ভাল। আর যদি বলে তুমি খারাপ লোক তবে তুমি খারাপ। [পূর্ব রিওয়াযাত দ্র:৩০৭৩২]

[৮২]

**30811-** عن أنس قال: قال رسول الله صلى الله عليه وسلم: من جمع الله له أربع خصال جمع الله له خير الدنيا والآخرة، قيل: ما هي يا رسول الله؟ قال: قلبا شاكرا، ولسانا ذاكرا، ودارا قصدا، وزوجة سالحة. "ابن النجار"

হযরত আনাস (রা) বলেন, রাসূলুল্লাহ (সা) ইরশাদ করেন- যার মধ্যে আল্লাহ তাআলা চারটি বিষয় জমা করে দিয়েছেন তাকে দুনিয়া ও আখিরাতের কল্যাণ দান করেছেন। জিজ্ঞাসা করা হলো ইয়া রাসূলুল্লাহ! সেগুলো কি কি? তিনি ইরশাদ করলেন, শোকরগুয়ার অগুর, যিকিরকারী যবান, মধ্যম অবস্থার বাসস্থান এবং নেক স্ত্রী।

□ □ □ □ □

